নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নম্বর-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১০.২৫-১৪

তারিখ: ২৪ পৌষ ১৪৩২
০৮ জানুয়ারি ২০২৬

# পরিপত্র-১৩

**বিষয় : ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট-২০২৬ উপলক্ষে সরকারি মুদ্রণালয় হতে ব্যালট পেপার মুদ্রণ ও সরবরাহ, ব্যালট পেপারসহ নির্বাচনি দ্রব্যাদি যাচাইয়ান্তে গ্রহণের জন্য ক্ষমতাপত্র, ব্যালট পেপার পরিবহণ ও সংরক্ষণে নিরাপত্তা নিশ্চিতকরণ এবং স্থানীয়ভাবে নির্বাচনি মনিহারী দ্রব্যাদি ক্রয়।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, মনোনয়নপত্র দাখিল হতে শুরু করে ভোটগ্রহণ এবং ফলাফল একত্রীকরণ ও নির্বাচনি রিটার্ন প্রেরণ পর্যন্ত বিভিন্ন কার্যক্রম গ্রহণকালে রিটার্নিং অফিসারকে বিভিন্ন ফরম, প্যাকেট, নির্বাচনি মালামাল ও দ্রব্যাদি ব্যবহার করতে হয়।

**২। ব্যালট পেপার মুদ্রণ ও সরবরাহ:** প্রার্থিতা প্রত্যাহারের পর প্রতীক বরাদ্দ করে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর তালিকা চূড়ান্ত করতঃ নির্বাচন কমিশনে জরুরি ভিত্তিতে প্রেরণ করার জন্য পরিপত্র-৮ এর মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়েছিল। কোন নির্বাচনি এলাকায় জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটে পোস্টাল ব্যালটে (OCV এবং ICPV) ভোট প্রদানের জন্য নিবন্ধিত ভোটার ব্যতীত অবশিষ্ট মোট ভোটার সংখ্যার ভিত্তিতে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর তালিকা অনুসারে ব্যালট পেপার মুদ্রণ করা হবে। ইতোমধ্যে রেজিস্ট্রেশনকৃত ভোটারদের জন্য প্রয়োজনীয় সংখ্যক পোস্টাল ব্যালট (OCV এবং ICPV) মুদ্রণ করা হয়েছে এবং তাদের নিকট প্রেরণ করা হয়েছে। ব্যালট পেপার মুদ্রণের পর লেখসামগ্রী, ফরম ও প্রকাশনা অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন ঢাকার তেজগাঁওস্থ বিজি প্রেস, গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস ও সিকিউরিটি প্রিন্টিং প্রেস হতে সরবরাহ করা হবে।

**৩। ব্যালট পেপারসহ অন্যান্য মালামাল গ্রহণের ক্ষমতাপত্র:** নির্বাচন কমিশনের উল্লিখিত সময়সূচি অনুসারে রিটার্নিং অফিসার তার আওতাধীন আসনসমূহের জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটের ব্যালট পেপার ও অন্যান্য নির্বাচনি মালামাল গ্রহণের জন্য সংশ্লিষ্ট সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার এর একজন প্রতিনিধি (১ম শ্রেণির কর্মকর্তা) এবং রিটার্নিং অফিসারের একজন প্রতিনিধি (সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার) প্রয়োজনীয় সংখ্যক নিরাপত্তা বাহিনীসহ ঢাকায় প্রেরণ করবেন। ব্যালট পেপার গ্রহণ করার জন্য ব্যালট পেপার গ্রহণকারী কর্মকর্তা রিটার্নিং অফিসারের নিকট হতে দুই প্রস্থ ''লিখিত ক্ষমতাপত্র'' অবশ্যই সাথে নিয়ে আসবেন।

**৪। প্রেস হতে ব্যালট পেপার যাচাই ও গ্রহণ:** জাতীয় সংসদ নির্বাচনের ব্যালট পেপারে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের নাম তাদের স্ব স্ব নির্বাচনি প্রতীক এবং নির্বাচনি এলাকা ভিত্তিক ভোটার সংখ্যা অনুযায়ী মুদ্রিত হয়েছে কিনা, তা সরকারি মুদ্রণালয় বিজি প্রেস/গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস/সিকিউরিটি প্রিন্টিং প্রেস হতে গ্রহণের সময় আগত প্রতিনিধিগণকে যাচাই করে দেখতে হবে। সুতরাং রিটার্নিং অফিসার তাঁর আওতাভুক্ত প্রত্যেক নির্বাচনি এলাকার প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের প্রতীকসহ নামের তালিকা (ফরম-৫) সঙ্গে আনার জন্য ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিকে নির্দেশনা প্রদান করবেন। কোন ত্রুটি পরিলক্ষিত হলে সংশোধনের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও নির্বাচন কমিশন সচিবালয়কে তাৎক্ষণিকভাবে অবহিত করে তা দ্রুত সংশোধন করিয়ে নিতে হবে। এছাড়া গণভোটের ব্যালট পেপার গ্রহণের সময় ভোটার সংখ্যা অনুযায়ী মিলিয়ে নিতে হবে। ব্যালট পেপার এবং অন্যান্য মালামাল প্রিজাইডিং অফিসারদের মধ্যে বিতরণের পূর্ব মুহূর্ত পর্যন্ত নিরাপদে সংরক্ষণ করতে হবে এবং সকল পর্যায়ে যাতে ব্যালট পেপার, মার্কিং সিল এবং অফিসিয়াল সিলের গোপনীয়তা রক্ষিত হয় তার নিশ্চয়তা বিধান করতে হবে।

অফিসের ঠিকানা ঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগ ঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইল ঃ secretary@ecs.gov.bd

**৫। নির্বাচনি দ্রব্যাদি পরিবহণ ও বিতরণে নিরাপত্তা ব্যবস্থা গ্রহণঃ** নির্ধারিত সময়সূচি অনুযায়ী সরকারি মুদ্রণালয় হতে ব্যালট পেপারসমূহ জেলা পর্যায়ে নিতে হবে। পরবর্তীতে জেলা পর্যায় হতে উপজেলা পর্যায়ে এবং উপজেলা পর্যায় হতে ভোটকেন্দ্রে ব্যালট পেপার, স্বচ্ছ ব্যালট বাক্সসহ নির্বাচনি দ্রব্যাদি পরিবহণ ও বিতরণের সময় পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ লক্ষ্যে পুলিশ সুপারসহ সংশ্লিষ্ট আইন-শৃঙ্খলা রক্ষাকারী কর্তৃপক্ষের সাথে আলোচনা ও সমন্বয় করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। ভোটকেন্দ্রে ব্যালট পেপার ও নির্বাচনি দ্রব্যাদি পরিবহণ ও বিতরণের ক্ষেত্রে বিশেষ নিরাপত্তা পরিকল্পনা গ্রহণ ও সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করবেন।

**৬। নির্বাচনি দ্রব্যাদি বিতরণ**: জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটে ব্যবহারের জন্য বিভিন্ন প্রকারের ফরম, প্যাকেট, ম্যানুয়েল, নির্দেশিকা, পোস্টার, লিফলেটসহ যাবতীয় মুদ্রণ সামগ্রী গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস, তেজগাঁও, ঢাকা হতে নির্ধারিত সময়সূচি অনুযায়ী গ্রহণ করতে হবে। এছাড়া নির্বাচনি দ্রব্যাদি (স্ট্যাম্প প্যাড, অফিসিয়াল সিল, মার্কিং সিল, ব্রাস সিল, লাল গালা, অমোচনীয় কালির কলম, হেসিয়ান বড় ব্যাগ, হেসিয়ান ছোট ব্যাগ) ইতোমধ্যে সরবরাহ করা হয়েছে। চার্জার লাইট, ক্যালকুলেটর, স্ট্যাপলার মেশিন ও স্ট্যাপলার পিন ক্রয়ের ক্ষেত্রে প্রিজাইডিং অফিসারকে নগদ অর্থ প্রদানের নিমিত্ত সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের অনুকূলে অর্থ বরাদ্দ প্রদান করা হবে। সকল নির্বাচনি সামগ্রী জেলায় পৌঁছানোর পর ভালোভাবে পরীক্ষা-নিরীক্ষা করে কোন দ্রব্যাদি ঘাটতি বা অতিরিক্ত পাওয়া গেলে বা অন্য কোন অসংগতি দেখা দিলে তাৎক্ষণিকভাবে নির্বাচন কমিশন সচিবালয়ের উপসচিব (নির্বাচন পরিচালনা-১) বা সিনিয়র সহকারী সচিব (ক্রয় ও মুদ্রণ)-কে অবহিত করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার কার্যকর ব্যবস্থা গ্রহণ করবেন।

**৭। ভোটকেন্দ্রে নির্বাচনি দ্রব্যাদি ব্যবহার ও বিতরণ**: ভোটকেন্দ্রে ব্যালট পেপারসহ বিভিন্ন রকমের ফরম, প্যাকেট এবং অন্যান্য নির্বাচনি সামগ্রী ব্যবহৃত হবে। প্রতি ভোটকেন্দ্রে ভোটগ্রহণের জন্য কি পরিমাণ বিভিন্ন ধরনের সামগ্রীর প্রয়োজন হবে তা **পরিশিষ্ট-ক**-তে উল্লেখ করা হলো। যথাসময়ে উল্লিখিত হারে বিভিন্ন ধরনের নির্বাচনি সামগ্রী প্রিজাইডিং অফিসারদের মধ্যে বিতরণ করবেন। প্রতিটি ভোটকেন্দ্রে নির্ধারিত সংখ্যক ও পরিমাণ নির্বাচনি দ্রব্যাদি যাতে বিতরণ করা যায়, সেজন্য প্রয়োজনের তুলনায় অধিক সংখ্যক ও অধিক পরিমাণ নির্বাচনি দ্রব্যাদি প্রদানের ব্যবস্থা করা হয়েছে। প্রেরিতব্য এ সকল অতিরিক্ত দ্রব্যাদির মধ্য হতে কিছু পরিমাণ জেলা ও উপজেলা পর্যায়ে সংরক্ষিত থাকবে। প্রতিটি ভোটকেন্দ্রে কিছু গুরুত্বপূর্ণ দ্রব্যাদি প্রয়োজনের অতিরিক্ত সরবরাহ করা হবে যা প্রিজাইডিং অফিসার একটি কক্ষে মজুদ রাখবেন। প্রয়োজন অনুসারে সেগুলো কাজে লাগাতে হবে। এখানে উল্লেখ্য যে, জাতীয় সংসদ নির্বাচন পরিচালনা ম্যানুয়েলের ত্রয়োদশ অধ্যায়ে নির্বাচনি দ্রব্যাদির ব্যবহার সম্পর্কে বর্ণিত সংখ্যার সাথে এ পরিপত্রের **পরিশিষ্ট-ক** এর বর্ণিত সংখ্যার কিছুটা অমিল থাকতে পারে। সর্বশেষ নির্দেশনা অনুসারে ভোটকেন্দ্রসহ নির্বাচনের বিভিন্ন কাজে নির্বাচনি দ্রব্যাদি ব্যবহার ও বিতরণের নির্দেশ দিবেন।

**৮। ভোটকেন্দ্রে ভোটগ্রহণের পূর্বের দিন ব্যালট পেপার ও নির্বাচনি মালামাল বিতরণ:** ভোটগ্রহণের পূর্বের দিন রিটার্নিং/সহকারী রিটার্নিং অফিসার কর্তৃক নির্ধারিত সময়ে প্রিজাইডিং অফিসারগণ ভোটকেন্দ্রের ব্যালট পেপার ও মালামাল গ্রহণের জন্য সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে উপস্থিত থাকবেন। ব্যালট পেপারসহ নির্বাচনি মালামাল ভোটগ্রহণের পূর্বের দিন নিরাপত্তার সাথে সকল ভোটকেন্দ্রে পৌঁছানোর জন্য রিটার্নিং অফিসারকে পরিকল্পনা গ্রহণ করতে হবে।

আরো উল্লেখ্য, ভোটকেন্দ্রে ব্যালট পেপার ও নির্বাচনি মালামাল পৌঁছানোর পর প্রিজাইডিং অফিসারের অনুমতিক্রমে এক-দু'জন ব্যতীত সকল ভোটগ্রহণ কর্মকর্তা ভোটগ্রহণের পূর্বের দিন ভোটকেন্দ্রে অবস্থান করবেন। ভোটগ্রহণ কর্মকর্তা এবং নির্বাচনি দ্রব্যাদির পর্যাপ্ত নিরাপত্তার বিষয়টি আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী নিশ্চিত করবেন।

**৯। স্থানীয়ভাবে ক্রয়কৃত নির্বাচনি মনিহারী দ্রব্যাদি:** ভোটকেন্দ্রে ব্যবহারের জন্য কিছু মনিহারী দ্রব্যাদি অর্থাৎ বল পয়েন্ট কলম, সাদা কাগজ ও কার্বন কাগজ, ছুরি, সুঁই, সুতা, মোমবাতি, গামপট, দিয়াশলাই, সুপার গ্লু, স্ট্যাম্প প্যাডের কালি, লোহা বা প্লাষ্টিকের পাত, দেয়াল-পত্র যথাঃ ''প্রবেশ''. ''বাহির'' ''ভোটকক্ষ নং .......... (পুরুষ)'', ''ভোটকক্ষ নং ................. (মহিলা)'', ''প্রিজাইডিং অফিসার'', ''সহকারী প্রিজাইডিং অফিসার'', ''পোলিং অফিসার'', লেখা প্লেকার্ড ইত্যাদি সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসারগণ স্থানীয়ভাবে মুদ্রণ/সংগ্রহ করবেন। এ প্রসংগে উল্লেখ্য যে, এ সকল নির্বাচনি সামগ্রী স্থানীয়ভাবে ক্রয়ের সময় গুণগতমান যাচাইপূর্বক ক্রয় করতে হবে, যাতে ভোটগ্রহণের সময় কোন বিঘ্ন সৃষ্টি না হয়। উল্লিখিত নির্বাচনি সামগ্রী স্থানীয়ভাবে ক্রয়/মুদ্রণের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ দেয়া হবে।

০৮.০১.২৬

(মোহাম্মদ মনির হোসেন)
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
E-mail: sasemc1@gmail.com

**বিতরণঃ**

১। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার
২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা/চট্টগ্রাম/খুলনা ও রিটার্নিং অফিসার
৩। জেলা প্রশাসক (সকল) ও রিটার্নিং অফিসার

নম্বর-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১০.২৫-১৪

তারিখ: ২৪ পৌষ ১৪৩২ / ০৮ জানুয়ারি ২০২৬

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা
৩. সিনিয়র সচিব, .................................................................. মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৪. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, আপন বিভাগ/জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৭. সচিব, .................................................................. মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৮. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাব/কোস্টগার্ড/এনটিএমসি/ডিজিএফআই/এনএসআই, ঢাকা
৯. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা।
১১. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. বিভাগীয় কমিশনার (সকল)
১৩. পুলিশ কমিশনার, মেট্রোপলিটন পুলিশ (সকল)
১৪. উপমহাপুলিশ পরিদর্শক, (সকল রেঞ্জ)
১৫. প্রকল্প পরিচালক, আইডিইএ (২য় পর্যায়) প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৬. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭. কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা
১৮. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৯. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, (সকল)
২০. মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি), বাংলাদেশ ব্যাংক, ঢাকা
২১. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]
২২. পুলিশ সুপার, (সকল)
২৩. উপসচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সকল)
২৪. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, (সকল)
২৫. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করার অনুরোধসহ]

২৬. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, ..........................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার।
২৭. ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, ..........................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার।
২৮. .................................................... সহকারী রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)
২৯. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, (সকল)
৩০. জেলা তথ্য অফিসার, (সকল)
৩১. উপজেলা নির্বাহী অফিসার, (সকল) ও সহকারী রিটার্নিং অফিসার
৩২. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩৩. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ............................................... এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩৪. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩৫. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ......................... (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩৬. উপজেলা/থানা নির্বাচন অফিসার,......................... (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
৩৭. উপজেলা/থানা নির্বাচন অফিসার (সকল)
৩৮. অফিসার ইন-চার্জ, (সকল)

০৮/০১/২০২৬
(মোঃ শহিদুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১ শাখা
ফোন: ০২-৫৫০০৭৬১০
E-mail: sasemc1@gmail.com

**পরিশিষ্ট- ক**

**ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট-২০২৬**

প্রত্যেক ভোটকেন্দ্রে ভোটগ্রহণের জন্য যে সকল দ্রব্যাদি প্রয়োজন হবে তার তালিকা

**১ম ভাগ**

| | |
|---|---|
| (১) স্বচ্ছ ব্যালট বাক্স ও ঢাকনা | প্রতি ভোটকক্ষের জন্য ১টি এবং প্রতি ভোটকেন্দ্রের জন্য ১টি অতিরিক্ত |
| (২) ভোটার তালিকা (ছবিসহ) | প্রতি ভোটকেন্দ্রের জন্য নির্দিষ্ট এলাকার এক কপি |
| (৩) ব্যালট পেপার | ভোটকেন্দ্রে যত ভোটার তত ব্যালট পেপার (পোস্টাল ভোটারের ব্যালট ব্যতীত) |
| (৪) গণভোটের ব্যালট | ভোটকেন্দ্রে যত ভোটার তত ব্যালট পেপার (পোস্টাল ভোটারের ব্যালট ব্যতীত) |
| (৫) অমোচনীয় কালির কলম | প্রতি ভোটকক্ষের জন্য ১টি কলম এবং প্রতি ভোটকেন্দ্রের জন্য ২টি অতিরিক্ত |
| (৬) রাবারের সিলমোহর (অফিসিয়াল সিল) | প্রতি ভোটকক্ষের জন্য ১টি এবং প্রতি ভোটকেন্দ্রের জন্য ১টি অতিরিক্ত |
| (৭) ভোটার কর্তৃক ব্যালট পেপার চিহ্নিত করার জন্য রাবারের সিলমোহর (মার্কিং সিল) | প্রতি ভোটকক্ষের জন্য ২টি এবং প্রতি কেন্দ্রের জন্য ২টি অতিরিক্ত |
| (৮) স্ট্যাম্প প্যাড | প্রতি ভোটকক্ষের জন্য ১টি এবং প্রতি ভোটকেন্দ্রের জন্য ১টি অতিরিক্ত |
| (৯) গালা | প্রতি কেন্দ্রের জন্য ২০০ গ্রামের ০১ প্যাকেট |
| (১০) পিতলের সিলমোহর (ব্রাস সিল) | প্রতি ভোটকেন্দ্রের জন্য ১টি |
| (১১) চার্জার লাইট | প্রতি ভোটকেন্দ্রের জন্য ১টি |
| (১২) ক্যালকুলেটর | প্রতি ভোটকেন্দ্রের জন্য ১টি |
| (১৩) স্ট্যাপলার | প্রতি ভোটকেন্দ্রের জন্য ১টি |
| (১৪) স্ট্যাপলার পিন | প্রতি ভোটকেন্দ্রের জন্য ১প্যাকেট |
| (১৫) ভোটকেন্দ্রে দ্রব্যাদি বহণের জন্য চটের থলি (হেসিয়ান বড় ব্যাগ) | প্রতি কেন্দ্রের জন্য ২ টি |
| (১৬) মনিহারী দ্রব্যাদি বহণের জন্য ছোট চটের থলি (হেসিয়ান ছোট ব্যাগ) | প্রতি কেন্দ্রের জন্য ১টি |
| (১৭) স্বচ্ছ ব্যালট বাক্সের সিল (লক) | প্রতি ভোটকক্ষে ০৫টি এবং প্রতি ভোটকেন্দ্রে ০৫টি অতিরিক্ত |

**২য় ভাগ**

**ফরমসমূহঃ (ক) জাতীয় সংসদ নির্বাচন:**

| | |
|---|---|
| (১) ফরম-১৩ এ ইস্যুকৃত ও ব্যবহৃত স্বচ্ছ ব্যালট বাক্সের বিবরণী | প্রতি ভোটকেন্দ্রের জন্য ০৪টি |
| (২) ফরম-১৪ টেন্ডার্ড ভোটের তালিকা | প্রতি ভোটকেন্দ্রের জন্য ৩টি |
| (৩) ফরম-১৫ আপত্তিকৃত ভোটের তালিকা | প্রতি ভোটকেন্দ্রের জন্য ৫টি |
| (৪) ফরম-১৬ ভোটগণনার বিবরণী | প্রার্থী প্রতি ১টি এবং অতিরিক্ত ৬টি |
| (৫) ফরম-১৭ ব্যালট পেপারের হিসাব | প্রতি ভোট কেন্দ্রের জন্য ৮টি |

**ফরমসমূহঃ (খ) গণভোটের**

| | |
|---|---|
| (১) ফরম-৩ ভোটকেন্দ্রের ভোটগণনার বিবরণী | প্রয়োজন অনুযায়ী |
| (২) ফরম-৫ ব্যালট পেপারের হিসাব | প্রতি ভোট কেন্দ্রের জন্য ৪টি |

**প্যাকেটসমূহ: (ক) জাতীয় সংসদ নির্বাচন:**

| | | |
|---|---|---|
| (১) প্যাকেট-১ | প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের পক্ষে প্রদত্ত বৈধ ব্যালট পেপার রাখার জন্য প্যাকেট | প্রতি কেন্দ্রের জন্য ১০টি (প্রার্থী প্রতি একটি। প্রয়োজনবোধে প্রতি কেন্দ্রের জন্য ২টি অতিরিক্ত |
| (২) প্যাকেট-২ | গণনা থেকে বাদ দেওয়া ব্যালট পেপারসমূহ রাখিবার প্যাকেট | প্রতি কেন্দ্রের জন্য ২টি |

| | | |
|---|---|---|
| (৩) প্যাকেট-৩ | প্যাকেট-১ ও প্যাকেট-২ রাখার জন্য প্রধান প্যাকেট | প্রতি কেন্দ্রের জন্য ২টি |
| (৪) প্যাকেট-৪ | অব্যাবহৃত ব্যালট পেপারসমূহ রাখার জন্য প্যাকেট | প্রতি কেন্দ্রের জন্য ২টি |
| (৫) প্যাকেট-৫ | বিনষ্ট ব্যালট পেপারসমূহ রাখার প্যাকেট | প্রতি কেন্দ্রের জন্য ২টি |
| (৬) প্যাকেট-৬ | টেন্ডার্ড ব্যালট কাগজসমূহ রাখার প্যাকেট | প্রতি কেন্দ্রের জন্য ৩টি। (প্রিজাইডিং অফিসারের নিকট থাকবে এবং যে কক্ষে টেন্ডার্ড ভোট প্রদত্ত হবে সেই কক্ষের সহকারী প্রিজাইডিং অফিসারের নিকট প্রতি প্রার্থীর জন্য একটি হিসাবে সরবরাহ করতে হবে) |
| (৭) প্যাকেট-৭ | ভিন্ন ভিন্ন প্রার্থীর টেন্ডার্ড ব্যালট কাগজসমূহের প্যাকেটগুলি (প্যাকেট-৬) রাখার প্যাকেট | প্রতি কেন্দ্রের জন্য ২টি |
| (৮) প্যাকেট-৮ | আপত্তিকৃত ব্যালট পেপারসমূহ রাখার প্যাকেট | প্রতি কেন্দ্রের জন্য ৪টি। (প্রিজাইডিং অফিসারের নিকট থাকবে, যে কক্ষে প্রয়োজন হবে সেই কক্ষে সরবরাহ করতে হবে) |
| (৯) প্যাকেট-৯ | চিহ্নিত ভোটার তালিকার কপিসমূহ রাখার প্যাকেট | প্রতি কেন্দ্রের জন্য ২টি |
| (১০) প্যাকেট-১০ | ব্যবহৃত ব্যালট পেপারে মুড়িপত্র রাখার প্যাকেট | প্রতি কেন্দ্রের জন্য ২টি |
| (১১) প্যাকেট-১১ | টেন্ডার্ড ভোটের তালিকা রাখার প্যাকেট | প্রতি কেন্দ্রের জন্য ২টি |
| (১২) প্যাকেট-১২ | ইস্যুকৃত ও ব্যবহৃত স্বাচ্ছ ব্যালট বাক্সের বিবরণী | প্রতি কেন্দ্রের জন্য ২টি |
| (১৩) প্যাকেট-১৩ | আপত্তিকৃত ভোটার তালিকা রাখার প্যাকেট | প্রতি কেন্দ্রের জন্য ২টি |
| (১৪) প্যাকেট-১৪ | ভোট গণনার হিসাব রাখার প্যাকেট | প্রতি কেন্দ্রের জন্য ২টি |
| (১৫) প্যাকেট-১৫ | ব্যালট পেপারের হিসাব রাখিবার প্যাকেট | প্রতি কেন্দ্রের জন্য ২টি |
| (১৬) প্যাকেট-১৬ | বিবিধ কাগজপত্র রাখার প্যাকেট | প্রতি কেন্দ্রের জন্য ২টি |
| (১৭) বিশেষ খাম | ভোটকেন্দ্র হতে সরাসরি ডাকযোগে নির্বাচন কমিশন সচিবালয়ে ভোট গণনার বিবরণী প্রেরণ করার জন্য খাম | প্রতি কেন্দ্রের জন্য ২টি |

**প্যাকেটসমূহ: (খ) গণভোটের**

| | | |
|---|---|---|
| (১) প্যাকেট-১ | হ্যাঁ সূচক/না সূচক বৈধ ব্যালট পেপার | প্রতি কেন্দ্রের জন্য ৬টি |
| (২) প্যাকেট-২ | অবৈধ বা গণনা থেকে বাদ দেয়া ব্যালট পেপার | প্রতি কেন্দ্রের জন্য ১টি |
| (৩) প্যাকেট-৩ | অব্যবহৃত ব্যালট পেপার | প্রতি কেন্দ্রের জন্য ১টি |
| (৪) প্যাকেট-৪ | নস্ট বা বাতিল ব্যালট পেপার | প্রতি কেন্দ্রের জন্য ১টি |
| (৫) প্যাকেট-৫ | ব্যবহৃত ব্যালট পেপারের মুড়িপত্র | প্রতি কেন্দ্রের জন্য ১টি |
| (৬) প্যাকেট-৬ | ফলাফল বিবরণী (ফরম-৩) রাখার প্যাকেট | প্রতি কেন্দ্রের জন্য ১টি |
| (৭) প্যাকেট-৭ | ব্যালট পেপার হিসাব বিবরণী রাখার প্যাকেট | প্রতি কেন্দ্রের জন্য ১টি |

## ৩য় ভাগঃ

### (ক) স্থানীয়ভাবে ক্রয়যোগ্য:

| | |
|---|---|
| (১) বল পয়েন্ট কলম | প্রতি ভোটগ্রহণ কর্মকর্তার জন্য ০১টি এবং প্রযোজ্যক্ষেত্রে অন্য কোন কর্মকর্তার জন্য ০১টি |
| (২) সাদা কাগজ ও কার্বন কাগজ | প্রতি কেন্দ্রের জন্য আধা দিস্তা |
| (৩) কার্বন কাগজ | প্রতি কেন্দ্রের জন্য ০২ সীট |
| (৪) ছুরি | প্রতি কেন্দ্রের জন্য ০১টি |
| (৫) সুই (বড় সাইজ) | প্রতি কেন্দ্রের জন্য ০১টি |
| (৬) সুতা (ছোট বল) | প্রতি কেন্দ্রের জন্য ০১টি |
| (৭) মোমবাতি (বড় সাইজ) | প্রতি কেন্দ্রের জন্য ০৬টি |
| (৮) গামপট | প্রতি কেন্দ্রের জন্য ০১টি |
| (৯) দিয়াশলাই | প্রতি কেন্দ্রের জন্য ০১টি |
| (১০) গ্লু | প্রতি কেন্দ্রের জন্য ০১টি টিউব |
| (১১) স্ট্যাম্প প্যাডের কালি | প্রতি কেন্দ্রের জন্য ০১ শিশি |
| (১২) মুড়িপত্র হতে ব্যালট কাগজ পৃথক করার উদ্দেশ্যে লোহা বা প্লাস্টিকের তৈরি পাত | প্রতি ভোটকক্ষের জন্য ০১টি |

**(খ) স্থানীয়ভাবে মুদ্রণ করতে হবে:**

দেওয়ালপত্র- (১) "প্রবেশ", "বাহির"
"ভোটকক্ষ নং ………………. (পুরুষ)",
"ভোটকক্ষ নং ………………... (মহিলা)" লিখিত প্লাকার্ড।
(২) "প্রিজাইডিং অফিসার", "সহকারী প্রিজাইডিং অফিসার",
"পোলিং অফিসার", "পোলিং এজেন্ট" লিখিত প্লাকার্ড।

**৪র্থ ভাগ**

**ভোটকেন্দ্রে প্রয়োজনীয় যেসকল আসবাবপত্র রাখতে হবেঃ**

(ক) টেবিল (খ) চেয়ার (গ) বেঞ্চ।

**(২) ভোটার কর্তৃক মার্কিং সিল প্রদানের স্থান (মার্কিং প্লেস):** প্রতি ভোটকক্ষের যে গোপন স্থানে ভোটারগণ ব্যালট পেপার চিহ্নিত করবেন, তা মোটা কালো/সাদা কাপড় দ্বারা নির্মাণ করতে হবে যাতে ভোটের গোপনীয়তা বিঘ্নিত না হয়। এক্ষেত্রে একাধিক মার্কিং প্লেস নির্মাণ করা হলেও তা অনুরূপভাবে নির্মাণ করতে হবে। এ বিষয়ে এইটুকু নিশ্চয়তা বিধান করতে হবে যে, ভোটারগণ ব্যালট পেপার চিহ্নিত করার সময় কেহ যেন তা দেখতে না পারে।

০৮/০২/২০২৬
মোঃ শহিদুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা
নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।